**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৪৬৯টি পদে লোক নিয়োগের জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত গৃহীত ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রায় ৯ কোটি ২৬ লক্ষ সুবিধাভোগী কৃষকের জন্য কুড়ি হাজার কোটি টাকারও বেশি প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনার ১৭তম কিস্তি প্রদান করলেন।**

**(৩) লাগাতার ভারী বর্ষণের ফলে মেঘালয়ে ৬ নম্বর জাতীয় সড়কে একাধিক স্থানে ফের ধ্বস পড়েছে ।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের প্লেট গ্রুপে আজকের ম্যাচগুলিতে জিরানীয়া, বিলোনীয়া, তেলিয়ামুড়া, এবং লংতরাইভ্যালী জয়ী হয়েছে ।**

*****************************************

**Food Minister-Press Meet :**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৪৬৯টি পদে লোক নিয়োগের জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী

একথা জানান। তিনি জানান, ৪৬৯টি পদের মধ্যে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তরে ২২৬ জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার (গ্রেড-৪)/সুপার স্পেশালিটি মেডিক্যাল অফিসার (গ্রেড-৩)-এর ১৬টি পদ, ১৭২ জন স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার (গ্রেড-৪) এবং অগ্নিনির্বাপক ও জরুরি পরিষেবা দপ্তরের অধীনে ৪৯ জন সাব-অফিসার (গ্রুপ-সি) পদে লোক নিয়োগ করা হবে। এই সবগুলি পদে লোক নিয়োগ প্রক্রিয়া টিপিএসসি'র মাধ্যমে সম্পন্ন করা হবে। তাছাড়াও খাদ্য ও জনসংভরণ দপ্তরের অধীনে ৬ জন ফুড সাব-ইন্সপেক্টর (গ্রুপ-সি) পদে লোক নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই ৬টি পদের নিয়োগ প্রক্রিয়া জেআরবিটি'র মাধ্যমে সম্পন্ন করা হবে।

সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী আরও জানান, মন্ত্রিসভার বৈঠকে কেন্দ্রীয় সরকারের পরামর্শে নিশ্চিন্তপুর রেলওয়ে স্টেশন, সাব্রুম আইসিপি ও আগরতলা এমবিবি এয়ারপোর্টের ইমিগ্রেশন চালু করার সুবিধার্থে রাজ্যের অবসরপ্রাপ্ত ৬৭ জন পুলিশ অফিসারকে পুনর্নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

*****************************

**PM Kishan Scheme :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বারাণসীতে আয়োজিত এক অনুষ্ঠানে প্রত্যক্ষ সুবিধা হস্তান্তরের মাধ্যমে প্রায় ৯ কোটি ২৬ লক্ষ সুবিধাভোগী কৃষকের জন্য কুড়ি হাজার কোটি টাকারও বেশি প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনার ১৭তম কিস্তি প্রদান করেন। তিনি স্বনির্ভর গোষ্ঠীর ৩০  হাজারেরও বেশি মহিলাকে

কৃষি সখি হিসেবে শংসাপত্র প্রদান করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, একুশ শতকের বিশ্বে ভারতকে সর্বোচ্চ শিখরে পৌঁছতে কৃষির একটি বিরাট ভূমিকা রয়েছে। তাই প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনার মাধ্যমে কৃষকদের উৎসাহ দেওয়া হচ্ছে।

*******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গ্রাম পঞ্চায়েত প্রধানদের যোগ ব্যায়াম এবং বাজরা সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দিয়ে সামগ্রিক স্বাস্থ্যকে একটি জনআন্দলনে পরিনত করার আহ্বান জানিয়েছেন। গ্রাম প্রধানদের উদ্দেশ্যে একটি চিঠিতে প্রধানমন্ত্রী বলেন, পঞ্চায়েত প্রাঙ্গন স্কুল, অঙ্গনওয়াড়ি, কমিউনিটি হেলথ সেন্টার এবং এ জাতীয় অন্যান্য জায়গায় যোগা অনুষ্ঠানের আয়োজন করে মানুষকে বিশেষত যুবকদেরকে শক্তিশালী করতে এবং চাপ মুক্ত জীবনধারা গ্রহণ করতে অনুপ্রাণিত করবে।

দশম আন্তর্জাতিক যোগ দিবসের জন্য গ্রাম পঞ্চায়েতে সমস্ত নাগরিকদের শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী যোগের বিশ্বব্যাপী প্রভাব এবং মানুষের জীবনে এর ইতিবাচক প্রভাবের প্রমান হিসেবে এই দিনটিকে উদযাপন করার আহ্বান জানিয়েছেন। এবছরের থিম নিজের এবং সমাজের জন্য যোগা একটি সুস্থ জাতি গঠনে সরকারের প্রচেষ্টাকে আরো জোরদার করবে বলে তিনি আশা ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, যোগ ব্যায়াম যেমন শরীর ও মনের জন্য অপরিহার্য, তেমনি সুপারফুড যেমন-বাজরা যা শ্রী আন্না নামেও পরিচিত, পুষ্টির মাধ্যমে সুস্বাস্থ্যের প্রচার করে।

***************************

**BJP-Press Meet :**

প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এবং প্রদেশ বিজেপির সংগঠন মহামন্ত্রী রবীন্দ্র রাজু'র উপস্থিতিতে আজ আগরতলায় এক বৈঠকে লোকসভা নির্বাচনের

ফলাফল পর্যালোচনা এবং আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য ও অন্যান্য নেতৃবৃন্দ।

এদিকে, প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, বিজেপি'র উদ্যোগেও আগামী ২১শে জুন আন্তর্জাতিক যোগা দিবস পালন করা হবে। আগামী ২৩শে জুন বিজেপির প্রতিষ্ঠাতা দিবস থেকে শুরু করে ৬ই জুলাই শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিবস পর্যন্ত বিশেষ দুটি কার্যক্রম নিয়েছে বিজেপি। এগুলি হল এক পের মা কে নাম এবং মতদাতা অভিনন্দন যাত্রা।

**************************

**Mayor-GB Bazar :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ জিবি বাজার এলাকার রাস্তাঘাট, জল নিকাশি ব্যবস্থা পরিদর্শন করেন। তিনি সেখানে ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে জিবি বাজারের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন। মেয়রের সঙ্গে ছিলেন মেয়র ইন কাউন্সিল হীরালাল দেবনাথ, শম্পা সেন সরকার, নিগমের কমিশনার ডঃ শৈলের যাদব প্রমুখ।

***************************

**ADC :**

এডিসির সাব জ্যোনাল ডেভেলপমেন্ট অফিসার ও ডেপুটি প্রিন্সিপাল অফিসার পদে নিয়োগ পরীক্ষা আগামী ১৪ই জুলাই অনুষ্ঠিত হবে। এডিসি'র রিক্‌রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যান

বুধুলিয়ান রাংখল আজ খুমুলুং-এ এক সাংবাদিক সম্মেলনে এখবর জানান।

*****************************

**Meeting/Bank :**

কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে আজ দুপুরে ব্যাঙ্কগুলির মাধ্যমে আর্থিক বিকাশ পর্যালোচনায় এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রতিনিধি, ঊনকোটি জেলার বিভিন্ন ব্যাঙ্ক শাখার প্রবন্ধকগণ, নাবার্ড, শিল্প-বানিজ্য দপ্তর, ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশনের কর্মকর্তারা এতে অংশ নেন। আর্থিক সাক্ষরতা সচেতনতামূলক কর্মসূচি আরো বেশি স্থানে সংঘটিত করা, ব্যাঙ্কের A.T.M সুবিধা বৃদ্ধি, ঋণদানের হার ইত্যাদি বিষয় নিয়ে বৈঠকে আলোচনা ও মতবিনিময় করা হয়। বৈঠকে জানানো হয়, প্রধানমন্ত্রী জনধন যোজনায় ঊনকোটি জেলাতে 91 হাজার 703 জনের একাউন্ট রয়েছে। প্রধানমন্ত্রী স্ব-নিধি যোজনায় 707 জন ঋণ পেয়েছেন। তাছাড়া প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা'য় 99 হাজার 492 জন, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা'য় 29 হাজার 400 জন বীমার আওতায় এসেছেন। ঊনকোটি জেলার লিড ডিস্ট্রিক্ট ম্যানেজার মদন মোহন চাকমা জানান, জেলায় জমা ও ঋণদানের আনুপাতিক হার 68 শতাংশ। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের দুই প্রতিনিধি অর্ঘ্য ব্যানার্জি ও আমন পোদ্দার, লিড ডিস্ট্রিক্ট ম্যানেজার মদন মোহন চাকমা প্রমুখ।

**************************

**Congress Meeting :**

আসন্ন পঞ্চায়েত নির্বাচনে রনকৌশল তৈরী করার জন্য আজ আগরতলায় প্রদেশ কংগ্রেসের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা জানান, গত পঞ্চায়েত নির্বাচনে ভয় ভীতি সন্ত্রাসের মাধমে বিরোধীদের মনোনয়ন জমা দেবার ক্ষেত্রে বাধা সৃষ্টি করা হয়েছিল। তাই এবার অনলাইনে মনোনয়নপত্র জমা দেওয়া এবং ভোট কেন্দ্রে আধা সামরিক বাহিনী মোতায়েনের জন্য প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে রাজ্য নির্বাচন কমিশনারের কাছে দাবি জানানো হয়েছে।

*******************************

**CPIM agitation :**

লোকসভা নির্বাচনের ফল ঘোষণার পর থেকে রাজ্যের বিভিন্ন স্থানে সন্ত্রাসের অভিযোগ এনে সিপিআইএম-এর উদ্যোগে আজ আগরতলায় পুলিশ সদর দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। দলের পশ্চিম জেলা কমিটির সম্পাদক রতন দাস অভিযোগ করেন, ফলাফল ঘোষণার পর থেকেই সিপিআইএম কর্মীদের উপর আক্রমন হচ্ছে। বিশেষ করে জিরানিয়া, আমতলি, শিবনগরে ইতিমধ্যে বাড়ি ঘরে হামলার ঘটনা ঘটেছে। বিক্ষোভে উপস্থিত ছিলেন প্রাক্তন সাংসদ সিপিআইএম নেতা শংকর দত্ত ও রাধাচরন দেববর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*************************

**Land Slide-Meghalaya :**

লাগাতার ভারী বর্ষণের ফলে মেঘালয়ে ৬ নম্বর জাতীয় সড়কে একাধিক স্থানে ফের ধ্বস পড়েছে। এর ফলে বহিঃরাজ্যের সঙ্গে

সড়কপথে পুনরায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে বরাক উপত্যকার তিন জেলা সহ ত্রিপুরা, মণিপুর ও মিজোরাম।

গতকাল সারারাত অবিরাম ভারী বৃষ্টির ফলে মেঘালয়ের ধ্বসপ্রবণ অঞ্চল লুমসুলুম, কুলিয়ান বস্তি, থানসেন এবং রাতাছড়া এলাকায় ফের ব্যাপকভাবে ধ্বস নেমেছে।

জাতীয় সড়কের উভয়দিকে দীর্ঘ ২০ থেকে ২৫ কিলোমিটার ব্যাপী আটকে পড়েছে শতাধিক যাত্রী ও পণ্যবাহী গাড়ি।

****************************

**Rain/affect-Unakoti :**

দিনভর হালকা থেকে মাঝারি বৃষ্টি, কখনো ভারী বৃষ্টিপাতে ঊনকোটি জেলা সদর কৈলাশহরে আজ স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। আজ রাস্তাঘাটে যানবাহন ও মানুষের চলাচল অন্যান্য দিনের তুলনায় ছিল খুবই কম। অবিরত বৃষ্টির কারণে আউশ ধানের চারা অনেক স্থানেই নষ্ট হবার সম্ভাবনা রয়েছে বলে কৃষি দপ্তর সূত্রে জানা গেছে।

***************************

**Rain-Khowai :**

আজ ভোর থেকে ভারী বৃষ্টিপাতের ফলে খোয়াই জেলার সর্বত্র স্বাভাবিক জীবনযাপন ব্যাহত হয়েছে। খোয়াই আগরতলা খোয়াই কমলপুর সড়কের পাহাড়ি স্থানে জাতীয় সড়কের উপর ধস পড়েছে। কিছু সময় যানবাহন বন্ধ থাকার পর পুনরায় ওই সড়কে যান চলাচল শুরু হয়। লাগাতর বর্ষনে গোটা জেলার ধান চাষিরা

ব্যাপকভাবে ক্ষতির সম্মুখীন কারণ বহু এলাকায় ধান ক্ষেতে জল জমে যাওয়াতে কৃষকরা পাকা ধান সংগ্রহ করতে পারেনি।

**********************************

**Eviction of illegal Ruber plantation :**

তৃষ্ণা অভয়ারণ্য এলাকার রাধানগর, দক্ষিণ কৃষ্ণপুর ও ডিমাতলি এলাকায় অভিযান চালিয়ে বেআইনিভাবে লাগানো ১২০০টি রাবার গাছের চারা নষ্ট করেছে বন দপ্তরের কর্মীরা। আজকের এই অভিযানে নেতৃত্ব দেন তৃষ্ণা অভয়ারন্যে সহকারী বন্যপ্রাণী সংরক্ষক সুকান্ত সরকার। তিনি জানান, ভারতীয় বন আইন ১৯২৭ এবং বন্যপ্রাণী সুরক্ষা আইন ১৯৭২ মূলে আজ এই অভিযান চালানো হয়।

**********************

**Maan Ki Baat :**

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর পদে দায়িত্বভার গ্রহণের পর প্রধানমন্ত্রী  নরেন্দ্র মোদী আগামী ৩০শে জুন আকাশবানীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করবেন। এটি হলো মন-কি-বাত অনুষ্ঠানের ১১১ তম পর্ব। জনগণ মন কি বাতের জন্য ভাবনা-চিন্তা ও পরামর্শ টোল-ফ্রী ১৮০০-১১-৭৮০০ নম্বরে শেয়ার করতে পারেন। এছাড়া় নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামে জমা দিতে পারেন। আগামী ২৮শে জুন পর্যন্ত এইসব পরামর্শ গ্রহণ করা হবে।

*************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম ও নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

*************************

**Umbrella Distribution :**

ঊনকোটি জেলার কুমারঘাটে রাস্তার পাশে বসে পসরা সাজিয়ে যারা ব্যবসা করেন তাদের মধ্যে বড় ছাতা বিতরণ করলো ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক। আজ বিকালে কুড়িজন স্ট্রীট ভেন্ডারকে রোদ-বৃষ্টি থেকে রক্ষা পেতে ছাতাগুলো বিলি করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের দুই প্রতিনিধি অর্ঘ্য ব্যানার্জি ও আমন কুমার পোদ্দার, লিড ডিস্ট্রিক্ট ম্যানেজার মদন মোহন চাকমা প্রমুখ।

**********************************************************

**NSS camp :**

আগরতলার শংকরাচার্য বালিকা বিদ্যালয়ে আজ থেকে সাত দিনব্যাপী এন.এস.এস শিবির শুরু হয়েছে। উদ্বোধন করেন মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন পুর নিগমের কর্পোরেটর শম্পা সরকার চৌধুরী, উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা, স্কুলের এনএসএস প্রোগ্রাম অফিসার মলয় লস্কর প্রমুখ।

****************************

**State Wise Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপে শান্তিরবাজার ও কৈলাসহরের খেলাটি আজ বৃষ্টিতে পরিত্যক্ত হয়। ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে আগামীকাল এই ম্যাচটি হবে। এদিকে, প্লেট গ্রুপের আজ চারটি ম্যাচ অনুষ্ঠিত হয়। এতে মেলাঘরের মাঠে জিরানীয়া ১১ রানে অমরপুরকে, সাব্রুমে অনুষ্ঠিত খেলায় বিলোনীয়া ৮ উইকেটে ধর্মনগরকে, শান্তিরবাজারে অনুষ্ঠিত খেলায় তেলিয়ামুড়া ৭ উইকেটে খোয়াইকে এবং বিলোনীয়ায় অনুষ্ঠিত খেলায় লংতরাইভ্যালী ৯ রানে গন্ডাছড়াকে হারিয়ে দেয়।

***************************

**Third Division Football :**

টিএফএ পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় আনন্দ ভবন জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় আনন্দ ভবন ৩-১ গোলে ইয়ুথ ক্লাবকে পরাজিত করে। বিজয়ী আনন্দ ভবনের পক্ষে নয়ন বাহাদুর মলসুম হ্যাট্রিক করে। অপরদিকে ইয়ুথ ক্লাবের পক্ষে একমাত্র গোলটি করে পরিতোষ দেববর্মা।

***************************

**Women's Football :**

প্রবল বর্ষনের ফলে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া ফুটবল লিগের উদ্বোধনী অনুষ্ঠান ও খেলা আজ বাতিল করা হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে উদ্বোধনী ম্যাচে চলমান সংঘ ও আনন্দনগর প্লে সেন্টারের মুখোমুখি

হওয়ার কথা ছিল। ম্যাচটি আগামীকাল সকাল ১০ টায় হবে বলে টিএফএ থেকে জানানো হয়। এ বছর আসরে অংশ নিয়েছে ৬টি দল। ডবল লিগের ভিত্তিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে।

*************************

**Weather Mansoon :**

রাজ্য জুড়ে বর্ষা মরসুম সক্রিয় রয়েছে। এর প্রভাবে আগামী ২০শে জুন পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা তৈরি হয়েছে। আগরতলার আবহাওয়া অফিস থেকে জানানো হয়েছে আজ বিকেল সাড়ে ৫টা পর্যন্ত বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ৫৮.৪ মিলিমিটার। তাছাড়া আগরতলা এ ডি নগর এলাকায় বৃষ্টি হয়েছে ৯০ মিলিমিটার। উত্তর জেলার মিজোরাম সীমান্তবর্তী আশাপাড়ায়, ৯০ মিলিমিটার, তেলিয়ামুড়ায় ৯৪ মিলিমিটার, বৃষ্টিপাতের রেকর্ড করা হয়েছে। পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়া পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।  পশ্চিম জেলা, খোয়াই, ধলাই, উনকোটি ও উত্তর জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎসহ প্রবল ভারী থেকে অতি ভারি বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রী সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল তাপমাত্রা থাকবে সর্বনিম্ন ২৪ থেকে সর্বোচ্চ ৩১ ডিগ্রির কাছাকাছি।

*******************************